**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**পরিবেশ ও বন মন্ত্রণালয়**

# প্রজ্ঞাপন

**তারিখ, ৫ এপ্রিল ২০০৪/২২ চৈত্র ১৪১০**

**এস, আর, ও নং ৯২-আইন/২০০৪।**- বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১ নং আইন) এর ধারা ২০ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা ঃ-

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**- (১) এই বিধিমালা ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৪ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা ১৯ বৈশাখ ১৪১১ বঙ্গাব্দ মোতাবেক ২ মে ২০০৪ খ্রিষ্টাব্দ তারিখে বলবৎ হইবে।

২। **সংজ্ঞা।**- বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায় -

(ক) "আইন" অর্থ বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১নং আইন);

(খ) "ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য" অর্থ ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য বা উক্ত দ্রব্য মিশ্রিত কোন দ্রব্য নির্বিশেষে তফসিল ১ এর কলাম (২) এ উলিখিত ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য, তবে পরিবহন বা সংরক্ষণের জন্য ব্যবহৃত ধারক ব্যতীত প্রস্তুতকৃত পণ্যের আকারে উক্ত দ্রব্য বা উহার মিশ্রণ অন্তর্ভুক্ত হইবে না;

(গ) "কম্প্রেসর" অর্থ ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য ব্যবহারের মাধ্যমে প্রস্তুতকৃত কম্প্রেসর;

(ঘ) "তফসিল" অর্থ এই বিধিমালার কোন তফসিল;

(ঙ) "পরিবেশ অধিদপ্তর" অর্থ আইনের ধারা ৩ এর অধীন স্থাপিত পরিবেশ অধিদপ্তর;

(চ) "ব্যক্তি" শব্দের আওতায় নিবন্ধিত হউক বা না হউক এইরূপ কোন কোম্পানী বা সংঘ বা ব্যক্তিসংঘও অন্তর্ভুক্ত;

(ছ) "ভিত্তিস্তর" (base level) অর্থ তফসিল ২ এর কলাম (৩) এ উলিখিত বৎসর বা গড় বৎসরে ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের উৎপাদন বা, ক্ষেত্রমত, ব্যবহারের পরিমাণ;

(জ) "মহাপরিচালক" অর্থ পরিবেশ অধিদপ্তরের মহাপরিচালক;

[১][(ঝ) "রিকভারী" অর্থ যে কোন শিল্প-কারখানা, যন্ত্রপাতি অথবা জাহাজ ভাঙ্গা শিল্প হইতে ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য রিকভারী;

(ঞ) "রিক্লেইমিং" অর্থ রিকভারকৃত ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য প্রক্রিয়াজাতকরণপূর্বক পরিশোধন প্রক্রিয়া;

(ট) "রিসাইক্লিং" অর্থ রিকভারকৃত ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য পুনঃব্যবহার উপযোগীকরণ;

(ঠ) "লাইসেন্স" অর্থ এই বিধিমালার অধীন প্রদত্ত লাইসেন্স।]

---

[১] দফা (ঝ), (ঞ), (ট) ও (ঠ) এস. আর. ও. নং ২২৬-আইন/২০১৪ এর দ্বারা প্রতিস্থাপিত।

৩। **ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য পরিবেশের জন্য ক্ষতিকর সামগ্রী**।- আইনের ধারা ৬ক এর উদ্দেশ্য পূরণকল্পে, সমগ্র বাংলাদেশে পরিবেশের জন্য ক্ষতিকর সামগ্রী হিসাবে ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের উৎপাদন, আমদানি, রপ্তানী, বাজারজাতকরণ, বিক্রয়, বিক্রয়ের জন্য প্রদর্শন, মজুদ, বিতরণ বা বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহার সংক্রান্ত কর্মকান্ড পরিচালনা বা ব্যবস্থাপনার ক্ষেত্রে এই বিধিমালার বিধানাবলী প্রযোজ্য হইবে।

[২][৪। **ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের উৎপাদনে বাধা-নিষেধ**। —কোন ব্যক্তি তফসিল ১ এর কলাম (২) এ উল্লিখিত ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য উৎপাদন করিতে পারিবেন না।]

৫। **ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য আমদানী বা রপ্তানী সংক্রান্ত বিধান**। - (১) কোন ব্যক্তি তফসিল ৪ এ তালিকাভুক্ত রাষ্ট্র বহির্ভূত-

[৩][(ক) রাষ্ট্র হইতে কোন ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য বাংলাদেশে আমদানী করিতে পারিবেন না; বা

(খ) রাষ্ট্রে বাংলাদেশ হইতে কোন ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য রপ্তানি করিতে পারিবেন না [৪][***]]

[৫][তবে শর্ত থাক যে, এই দফার অধীন, লাইসেন্স গ্রহণ সাপেক্ষে, কেবল রিকভারী, রিক্লেইমিং বা রিসাইক্লিংকৃত ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য রপ্তানী করা যাইবে ঃ

আরও শর্ত থাকে যে, কোন রাষ্ট্রের আমদানীকারক প্রতিষ্ঠান সংশ্লিষ্ট রাষ্ট্রের সরকারী কর্তৃপক্ষের অনুমতি গ্রহণপূর্বক উক্ত ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য বাংলাদেশ হইতে আমদানী করিতে পারিবে।]

(২) কোন ব্যক্তি এই বিধিমালার অধীন প্রদত্ত লাইসেন্স ব্যতিরেকে তফসিল ৪ এ তালিকাভুক্ত-

(ক) রাষ্ট্র হইতে বাংলাদেশে কোন ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য আমদানী করিতে পারিবেন না; বা
(খ) রাষ্ট্রে বাংলাদেশ হইতে কোন ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য রপ্তানী করিতে পারিবেন না।

(৩) উপ-বিধি (২) এর অধীন কোন লাইসেন্স প্রদান করা যাইবে না, যদি না মহাপরিচালক এই মর্মে সন্তুষ্ট হন যে, তফসিল ১ এর কলাম (৫) এ উল্লিখিত গ্রুপের ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের অনুকূলে লাইসেন্স প্রদান করা হইলে উক্ত গ্রুপের জন্য নির্ধারিত ভিত্তিস্তরের ভিত্তিতে ব্যবহারের পরিমাণ ভিত্তি বৎসর (base year) সংশ্লিষ্ট তফসিল ২ এর কলাম (৫) এ নির্দেশিত [৬][ব্যবহারের পরিমান] অতিক্রম করিবে না।

(৪) সরকার, [৭][প্রয়োজনে,] সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, সমগ্র বাংলাদেশের জন্য উপ-বিধি (৩) এ উল্লিখিত প্রত্যেক গ্রুপের জন্য ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের ব্যবহার ও উৎপাদন বা আমদানীর নির্ণয়কৃত ভিত্তিসীমা (base limit) পৃথকভাবে জারী করিবে।

(৫) উপ-বিধি (৪) এর অধীন প্রজ্ঞাপন জারীর পূর্বে উপ-বিধি (৩) এ উল্লিখিত ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য কোন নির্দিষ্ট বৎসরে আমদানীর উদ্দেশ্যে কোন ঋণপত্র খোলা হইয়া থাকিলে উক্ত বৎসরের জন্য তফসিল ২ এর কলাম (৪) এ উল্লিখিত গ্রুপভুক্ত ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য আমদানীর গ্রহণযোগ্য পরিমাণের সাথে সমন্বয় করা যাইবে।

---

[২] বিধি ৪ এস. আর. ও. নং ২২৬-আইন/২০১৪ এর দ্বারা প্রতিস্থাপিত।
[৩] দফা (ক) ও (খ) এস. আর. ও. নং ২২৬-আইন/২০১৪ এর দ্বারা প্রতিস্থাপিত।
[৪] দফা (খ) এর শেষ প্রান্তঃস্থিত দাড়ি ( ।) এস. আর. ও. নং ২২৬-আইন/২০১৪ এর দ্বারা বিলুপ্ত।
[৫] শর্তাংশ এস. আর. ও. নং ২২৬-আইন/২০১৪ এর দ্বারা সংযোজিত।
[৬] "ব্যবহারের পরিমান" শব্দগুলি "ব্যবহারের সংখ্যা" শব্দগুলির পরিবর্তে এস. আর. ও. নং ২২৬-আইন/২০১৪ এর দ্বারা প্রতিস্থাপিত।
[৭] "প্রয়োজনে," শব্দ ও কমাটি "সরকার," শব্দ ও কমাটির পর এস. আর. ও. নং ২২৬-আইন/২০১৪ এর দ্বারা সংযোজিত।

৬। **ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের বিক্রয়ের উপর বাধা নিষেধ**। - কোন ব্যক্তি বা তাহার পক্ষে অন্য কোন ব্যক্তি [৮][পরিবেশ অধিদপ্তর কর্তৃক অনাপত্তি গ্রহণ ব্যতিরেকে] ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য মজুদ বা বিক্রয়ের উদ্দেশ্যে বা অন্য কোন ভাবে বিতরণ (distribute) করিতে পারিবেন না।

৭। **ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য ক্রয় ইত্যাদির উপর বাধা নিষেধ**। - কোন ব্যক্তি বা তাহার পক্ষে অন্য কোন ব্যক্তি তফসিল ৩ এর কলাম (২) এ উল্লিখিত কর্মকান্ডের উদ্দেশ্য ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য মজুদ বা ব্যবহারের উদ্দেশ্যে ক্রয় বা সংগ্রহ করিতে পারিবেন না।

৮। **ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য উৎপাদনে নূতন বিনিয়োগে নিষেধাজ্ঞা, ইত্যাদি**।- (১) কোন ব্যক্তি তফসিল ২ এর-

(ক) কলাম (৭) এ নির্দিষ্টকৃত তারিখের পর ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য প্রস্তুতের লক্ষ্যে কোন শিল্পকারখানা প্রতিষ্ঠা বা সম্প্রসারণ বা প্রতিষ্ঠার বা সম্প্রসারণের উদ্যোগ গ্রহণ করিতে পারিবেন না;

(খ) কলাম (৮) এ নির্দিষ্টকৃত তারিখের পর ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য সম্বলিত বা ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য দ্বারা প্রস্তুতযোগ্য কোন পণ্য উৎপাদনের লক্ষ্যে শিল্পকারখানা প্রতিষ্ঠা বা সম্প্রসারণ বা প্রতিষ্ঠার বা সম্প্রসারণের উদ্যোগ গ্রহণ করিতে পারিবেন না।

(২) ১৬ সেপ্টেম্বর, ১৯৮৭ তারিখে গৃহীত ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য সম্পর্কিত মন্ট্রিল প্রটোকল এর সদস্য হিসাবে বাংলাদেশের কোন ব্যক্তি মন্ট্রিল প্রটোকলের অনুচ্ছেদ ১০ ও ১০ক এর অধীন বহুপাক্ষিক তহবিল (Multilateral Fund) হইতে ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য উৎপাদন প্রযুক্তির পরিবর্তে ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য বর্জিত প্রযুক্তি স্থাপনের জন্য আর্থিক ও কারিগরী সহায়তা গ্রহণ করে, তাহা হইলে উক্ত ব্যক্তি রূপান্তর প্রকল্প অনুমোদন এবং রূপান্তর প্রক্রিয়া সমাপ্ত হইবার পর তফসিল ৩ এর কলাম (২) এ উল্লিখিত কর্মকান্ডের জন্য তফসিল ২ এর কলাম (২) এ উল্লিখিত গ্রুপভুক্ত ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য বা ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য সম্বলিত কোন পণ্য বা ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য সমন্বয়ে প্রস্তুতকৃত কোন পণ্য উৎপাদনের লক্ষ্যে শিল্প কারখানা স্থাপন বা সম্প্রসারণের কোন উদ্যোগ গ্রহণ করিতে পারিবেন না।

৯। **ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য দ্বারা প্রস্তুতকৃত বা উক্ত দ্রব্য সম্বলিত পণ্য আমদানী, রপ্তানী বা বিক্রয়ের উপর বাধা-নিষেধ**।- (১) কোন ব্যক্তি লাইসেন্স ব্যতিরেকে তফসিল ৫ এর কলাম (২) এ নির্দিষ্টকৃত কোন পণ্য উক্ত তফসিলের কলাম (৩) এ বর্ণিত গ্রুপের ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য সমন্বয়ে প্রস্তুতকৃত বা ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য সম্বলিত পণ্য উক্ত তফসিলের কলাম (৪) এ নির্দিষ্টকৃত তারিখের পর আমদানী করিতে পারিবেন না ঃ

তবে শর্ত থাকে যে, উক্ত তফসিলের কলাম (৪) এ নির্দিষ্টকৃত তারিখের পর ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য সমন্বয়ে প্রস্তুতকৃত নহে এইরূপ পণ্য আমদানীর ক্ষেত্রে উক্ত পণ্য ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য সম্বলিত নহে মর্মে উক্ত পণ্যের মোড়কে সহজে দৃষ্টিগ্রাহ্য হয় এমন স্থানে লেবেল সংযুক্ত থাকিতে হইবে।

(২) তফসিল ৫ এর কলাম (৫) এ নির্দিষ্টকৃত তারিখের পর উক্ত তফসিলের কলাম (২) এ নির্দিষ্টকৃত পণ্য ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য সমন্বয়ে প্রস্তুতকৃত হইলে বা ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য সম্বলিত পণ্য হইলে কোন ব্যক্তি উক্ত পণ্যের মোড়কে তৎমর্মে লেবেল সংযুক্ত না করিয়া উক্ত পণ্য রপ্তানী করিতে পারিবেন না।

(৩) কোন ব্যক্তি তফসিল ৩ এর কলাম (৪) এ নির্দিষ্টকৃত তারিখের পর উক্ত তফসিলের কলাম (২) এ উল্লিখিত কর্মকান্ড বা সেবাপ্রদানের উদ্দেশ্যে উক্ত তফসিলের কলাম (৩) উল্লিখিত গ্রুপভুক্ত ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য ব্যবহারে উৎপাদিত কোন পণ্য বিক্রয়, মজুদ, বিক্রয়ের উদ্দেশ্যে প্রদর্শন বা বিতরণ করিতে পারিবেন না।

---

[৮] "পরিবেশ অধিদপ্তর কর্তৃক অনাপত্তি গ্রহণ ব্যতিরেকে" শব্দগুলি "লাইসেন্স ব্যতিরেকে" শব্দগুলির পরিবর্তে এস. আর. ও. নং ২২৬-আইন/২০১৪ এর দ্বারা প্রতিস্থাপিত।

১০। **কম্প্রেসর প্রস্তুতের উপর বাধা নিষেধ**। - (১) কোন ব্যক্তি মহাপরিচালকের পূর্বানুমতি গ্রহণ ব্যতিরেকে ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য ব্যবহৃত হয় এমন ধরণের কোন কম্প্রেসর প্রস্তুত বা উহা আমদানী বা রপ্তানী করিতে পারিবেন না।

(২) মহাপরিচালক, সাধারণ আদেশ দ্বারা, অনুমতি প্রদান পদ্ধতি নির্ধারণ করিবেন।

১১। **পরিবীক্ষণ ও প্রতিবেদন দাখিল, ইত্যাদি**।- (১) ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য উৎপাদনকারী, আমদানী-কারক, রপ্তানীকারক বা বিক্রয়কারী প্রত্যেক ব্যক্তিকে ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য উৎপাদন, আমদানী, রপ্তানী বা বিক্রয়ের যথাযথ হিসাব বা রেকর্ড সংরক্ষণ করিবেন এবং তফসিল ৭ এর খন্ড-১ এ বিধৃত পদ্ধতিতে এতদ্‌সংক্রান্ত প্রতিবেদন দাখিল করিতে হইবে।

(২) কম্প্রেসর প্রস্তুতকারী, আমদানীকারক, রপ্তানীকারক বা বিক্রয়কারী প্রত্যেক ব্যক্তিকে উহার প্রস্তুত, আমদানী, রপ্তানী বা বিক্রয়ের যথাযথ তথ্য ও রেকর্ডপত্র সংরক্ষণ পূর্বক তফসিল ৭ এর খন্ড-২ এ বিধৃত পদ্ধতিতে এতদ্‌সংক্রান্ত প্রতিবেদন দাখিল করিতে হইবে।

(৩) উপ-বিধি (১) ও (২) এর অধীন সংরক্ষিত তথ্যাদি সম্পর্কিত প্রতিবেদন যথাক্রমে তফসিল ৮ ও ৯ এ বিধৃত ফরম পূরণপূর্বক মহাপরিচালকের নিকট দাখিল করিতে হইবে।

১২। **অব্যাহতি**।- এই বিধিমালার কোন কিছুই তফসিল ৬ এ উল্লিখিত অব্যাহতির ক্ষেত্রসমূহে প্রযোজ্য হইবে না।

১৩। **লাইসেন্স**।- (১) এই বিধিমালার অধীন লাইসেন্স প্রাপ্তির জন্য লাইসেন্সের দরখাস্ত মহাপরিচালক কর্তৃক নির্ধারিত ফরম পূরণক্রমে তাহার নিকট দাখিল করিতে হইবে।

(২) উক্ত ফরম ওজোন সেলের কার্যালয় হইতে বিনামূল্যে সংগ্রহ করা যাইবে।

(৩) যথাযথভাবে পূরণকৃত ফরম মহাপরিচালকের নিকট দাখিল হইবার পর আইন ও এই বিধিমালা অনুসারে উক্ত ফরমে উল্লিখিত বিষয়গুলোর সত্যতা যাচাই বা, ক্ষেত্রমত, তদন্ত করিয়া মহাপরিচালক দরখাস্ত মঞ্জুর বা নামঞ্জুর করিতে পারিবেন।

(৪) উপ-বিধি (১) অধীন দাখিলকৃত কোন দরখাস্ত বিবেচনার প্রয়োজনে মহাপরিচালক দরখাস্তকারীকে সংশিষ্ট যে কোন তথ্য সরবরাহ করিবার জন্য নির্দেশ দিতে পারিবেন।

(৫) উপ-বিধি (৩) এর অধীন কোন লাইসেন্স মঞ্জুর না করিবার সিদ্ধান্ত গ্রহণ করা হইলে মহাপরিচালক উহার যুক্তিসংগত কারণ লিপিবদ্ধ করিয়া উক্ত সিদ্ধান্ত গ্রহণের ৭(সাত) কার্যদিবসের মধ্যে দরখাস্তকারীকে অবহিত করিবেন।

(৬) উপ-বিধি (৩) এর অধীন কোন লাইসেন্স মঞ্জুর করিবার সিদ্ধান্ত গ্রহণ করা হইলে মহাপরিচালক উক্ত সিদ্ধান্ত দ্রুত দরখাস্তকারীকে অবহিত করিবেন এবং মহাপরিচালক কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে দরখাস্তকারীকে লাইসেন্স ফি বাবদ প্রতিটি আইটেম-এর জন্য টাকা ৫০০/- (পাঁচশত) পরিবেশ অধিদপ্তরের অনুকূলে সিদ্ধান্ত অবহিত হইবার ৭(সাত) কার্যদিবসের মধ্যে দরখাস্তকারীকে জমা করিবার নির্দেশ প্রদান করিবেন।

(৭) দরখাস্তকারী কর্তৃক উপ-বিধি (৬) এ উল্লিখিত পদ্ধতিতে লাইসেন্স ফি প্রদত্ত হইলে মহাপরিচালক তৎকর্তৃক নির্ধারিত ফরম, শর্ত ও মেয়াদে লাইসেন্স প্রদান করিবেন।

(৮) মহাপরিচালক আইন ও এই বিধিমালার উদ্দেশ্যপূরণকল্পে, তদ্‌ধীনে ইস্যুকৃত লাইসেন্সের যে কোন শর্ত সংশোধন করিতে পারিবেন, তবে লাইসেন্স গ্রহীতাকে ২(দুই) সপ্তাহের নোটিশ প্রদান না করিয়া এই বিধির অধীন লাইসেন্সের কোন শর্ত সংশোধন করা যাইবে না।

(৯) মহাপরিচালক লাইসেন্স গ্রহীতার দরখাস্তের প্রেক্ষিতে যুক্তিসঙ্গত মনে করিলে লাইসেন্সের যে কোন শর্ত সংশোধন করিতে পারিবেন।

১৪। **লাইসেন্স বাতিল, ইত্যাদি।**- (১) মহাপরিচালক এই বিধিমালার অধীন প্রদত্ত যে কোন লাইসেন্স তৎকর্তৃক নির্ধারিত পদ্ধতিতে বাতিল করিতে পারিবেন।

(২) এই বিধির অধীন লাইসেন্স বাতিলের পূর্বে সংশ্লিষ্ট ব্যক্তিকে ব্যক্তিগত শুনানীর সুযোগ প্রদান করিতে হইবে ঃ

তবে শর্ত থাকে যে, ব্যক্তিগত শুনানীর জন্য নির্ধারিত সময়ে উক্ত ব্যক্তি হাজির না হইলে বা পরবর্তী সময়ে হাজির হওয়ার আবেদন না করিলে মহাপরিচালক উক্ত লাইসেন্স সরাসরি বাতিল করিতে পারিবেন।

(৩) এই বিধির অধীন লাইসেন্স বাতিল বা অন্য কোন কারণে কোন ব্যক্তি সংক্ষুব্ধ হইলে তিনি সংশ্লিষ্ট আদেশ প্রাপ্তির তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সরকারের নিকট আপীল করিতে পারিবেন।

(৪) উপ-বিধি (৩) এর অধীন কোন আপীল দায়ের হইলে উক্ত আপীলে সরকারের সিদ্ধান্ত চূড়ান্ত হইবে এবং উহার বিরুদ্ধে কোন আদালতে কোন মামলা দায়ের করা যাইবে না।

১৫। **ওজোন সেল।**- (১) এই বিধিমালার অধীন কার্যাবলী সম্পাদনের উদ্দেশ্যে পরিবেশ অধিদপ্তরের অধীন ওজোন সেল নামে একটি সেল থাকিবে, যাহার প্রধান নির্বাহী হইবেন মহাপরিচালক কর্তৃক নির্দিষ্টকৃত পরিবেশ অধিদপ্তরের পরিচালক পদমর্যাদার একজন কর্মকর্তা।

(২) মহাপরিচালক কর্তৃক পরিবেশ অধিদপ্তরের নির্ধারিত কর্মকর্তা-কর্মচারী সমন্বয়ে ওজোন সেল গঠিত হইবে।

১৬। **দন্ড।**- এই বিধিমালার কোন বিধান লংঘনের ক্ষেত্রে আইনের ধারা ১৫ (১) এর টেবিলের ৪ নং ক্রমিকের বিধানাবলী প্রযোজ্য হইবে।

১৭। **বার্ষিক প্রতিবেদন।**- (১) প্রতি আর্থিক বৎসর শেষ হইবার সঙ্গে সঙ্গে মহাপরিচালক উক্ত বৎসরে এই বিধিমালার অধীন সম্পাদিত কার্যাবলীর বিবরণ সম্বলিত একটি বার্ষিক প্রতিবেদন সরকারের নিকট পেশ করিবেন।

(২) সরকার, প্রয়োজনে, মহাপরিচালকের নিকট হইতে যে কোন সময় এই বিধিমালার অধীন সম্পাদিত কার্যাবলী বা বিষয়াবলীর উপর প্রতিবেদন আহ্বান করিতে পারিবে এবং মহাপরিচালক উহা সরকারের নিকট প্রদান করিতে বাধ্য থাকিবেন।

১৮। **জটিলতা নিরসনে সরকারের ক্ষমতা।**- সরকার, এই বিধিমালার বিধানের অস্পষ্টতার কারণে বিধিমালার অধীন ক্ষমতা প্রয়োগের ক্ষেত্রে কোন অসুবিধা দেখা দিলে, সাধারণ বা বিশেষ আদেশ জারীর মাধ্যমে, উক্ত বিধানের স্পষ্টীকরণ বা ব্যাখ্যা প্রদান করতঃ উক্ত বিষয়ে প্রয়োজনীয় দিক নির্দেশনা দিতে পারিবে।

[১] তফসিল - ১

[ বিধি ২(খ), ৪ ও ৫(৩) দ্রষ্টব্য]

**ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের বিবরণ**

| ক্রমিক নং | ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের নাম | ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের রাসায়নিক গঠন | এইচ. এস কোড* | গ্রুপ | ওডিপিঃ ওজোনক্ষয় বিভব **(Ozone Depleting Potential)** |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| 1. | CFC-11 | Trichlorofluoromethane ($CFCl_3$) | 2903.77.10 | I | 1.0 |
| 2. | CFC-12 | Dichlorodifluoromethane ($CF_2Cl_2$) | 2903.77.20 | I | 1.0 |
| 3. | CFC-113 | Trichlorotrifluoroethane ($C_2F_3Cl_3$) | 2903.77.30 | I | 0.8 |
| 4. | CFC-114 | Dichlorotetrafluoroethane ($C_2F_4Cl_2$) | 2903.77.40 | I | 1.0 |
| 5. | CFC-115 | Chloropentafluoroethane ($C_2F_5Cl$) | 2903.77.40 | I | 0.6 |
| 6. | Halon-1211 | Bromochlorodifluoromethane ($CF_2BrCl$) | 2903.76.00 | II | 3.0 |
| 7. | Halon-1301 | Bromotrifluoromethane ($CF_3Br$) | 2903.76.00 | II | 10.0 |
| 8. | Halon-2402 | Dibromotetrafluoroethane ($C_2F_4Br_2$) | 2903.76.00 | II | 6.0 |
| 9. | CFC-13 | Chlorotrifluoromethane ($CF_3Cl$) | 2903.77.50 | III | 1.0 |
| 10. | CFC-111 | Pentachlorofluoroethane ($C_2FCl_5$) | 2903.77.50 | III | 1.0 |
| 11. | CFC-112 | Tetrachlorodifluoroethane ($C_2F_2Cl_4$) | 2903.77.50 | III | 1.0 |
| 12. | CFC-211 | Heptachlorofludiropropane ($C_3FCl_7$) | 2903.77.50 | III | 1.0 |
| 13. | CFC-212 | Hexachlorodifluoropropane ($C_3F_2Cl_6$) | 2903.77.50 | III | 1.0 |
| 14. | CFC-213 | Pentachlorotrifluoropropane ($C_3F_3Cl_5$) | 2903.77.50 | III | 1.0 |
| 15. | CFC-214 | Tetrachlorotetrafluoropropane ($C_3F_4Cl_4$) | 2903.77.50 | III | 1.0 |
| 16. | CFC-215 | Trichloropentafluoropropane ($C_3F_5Cl_3$) | 2903.77.50 | III | 1.0 |
| 17. | CFC-216 | Dichlorohexafluoropropane ($C_3F_6Cl_2$) | 2903.77.50 | III | 1.0 |
| 18. | CFC-217 | Chloroheptafluoropropane ($C_3F_7Cl$) | 2903.77.50 | III | 1.0 |
| 19. | Carbon | Tetrachloromethane | 2903.14.00 | IV | 1.1 |

[১] তফসিল-১ এস. আর. ও. নং ২২৬-আইন/২০১৪ এর দ্বারা প্রতিস্থাপিত।

| ক্রমিক নং | ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের নাম | ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের রাসায়নিক গঠন | এইচ. এস কোড* | গ্রুপ | ওডিপিঃ ওজোনক্ষয় বিভব **(Ozone Depleting Potential)** |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| | tetrachloride | ($CCl_4$) | | | |
| 20. | Methyl chloroform | 1,1,1- Trichloroethane ($C_2H_3Cl_3$) | 2903.19.00 | V | 0.1 |
| 21. | HCFC-21 | Dichlorofluoromethane ($CHFCl_2$) | 2903.77.50 | VI | 0.04 |
| 22. | HCFC-22 | Chlorodifluoromethane ($CHClF_2$) | 2903.79.10 | VI | 0.055 |
| 23. | HCFC-31 | Chlorofluoromethane ($CH_2FCl$) | 2903.77.50 | VI | 0.02 |
| 24. | HCFC-121 | Tetrachlorodifluoroethane ($C_2HF_2Cl_4$) | 2903.77.50 | VI | 0.04 |
| 25. | HCFC-122 | Trichlorodifluoroethane ($C_2HF_2Cl_3$) | 2903.77.50 | VI | 0.08 |
| 26. | HCFC-123 | 2,2-dichloro-1,1,1-trifluoroethane ($C_2HF_3Cl_2$) | 2903.77.50 | VI | 0.06 |
| 27. | HCFC-123a | 1,2-dichloro-1,1,2-trifluoroethane ($CHCl_2CF_3$) | 2903.77.50 | VI | 0.02 |
| 28. | HCFC-124 | 2-chloro-1,1,1,2-tetrafluoroethane ($C_2HF_4Cl$) | 2903.77.50 | VI | 0.04 |
| 29. | HCFC-124a | 2-chloro-1,1,2,2-tetrafluoroethane ($CHFClCF_3$) | 2903.77.50 | VI | 0.022 |
| 30. | HCFC-131 | Trichlorofluoroethane ($C_2H_2FCl_3$) | 2903.77.50 | VI | 0.05 |
| 31. | HCFC-132 | Dichlorodifluoroethane ($C_2H_2F_2Cl_2$) | 2903.77.50 | VI | 0.05 |
| 32. | HCFC-133 | Chlorotrifluoroethane ($C_2H_3F_3Cl$) | 2903.77.50 | VI | 0.06 |
| 33. | HCFC-141 | Dichlorofluoroethane ($C_2H_3FCl_2$) | 2903.77.50 | VI | 0.07 |
| 34. | HCFC-141b | 1,1-dichloro-1-fluoroethane ($CH_3CFCl_2$) | 2903.77.50 | VI | 0.11 |
| 35. | HCFC-142 | Chlorodifluoroethane ($C_2H_3F_2Cl$) | 2903.77.50 | VI | 0.07 |
| 36. | HCFC-142b | 1-chloro-1, 1-difluoroethane ($CH_3CF_2Cl$) | 2903.77.50 | VI | 0.065 |
| 37. | HCFC-151 | Chlorofluoroethane ($C_2H_4FCI$) | 2903.77.50 | VI | 0.005 |
| 38. | HCFC-221 | Hexachlorofluoropropane ($C_3HFCI_6$) | 2903.77.50 | VI | 0.07 |
| 39. | HCFC-222 | Pentachlorodifluoropropane | 2903.77.50 | VI | 0.09 |

| ক্রমিক নং | ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের নাম | ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের রাসায়নিক গঠন | এইচ. এস কোড* | গ্রুপ | ওডিপিঃ ওজোনক্ষয় বিভব **(Ozone Depleting Potential)** |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| | | ($C_3HF_2CI_5$) | | | |
| 40. | HCFC-223 | Tetrachlorotrifluoropropane ($C_3HF_3CI_4$) | 2903.77.50 | VI | 0.08 |
| 41. | HCFC-224 | Trichlorotetrafluoropropane ($C_3HF_4CI_3$) | 2903.77.50 | VI | 0.09 |
| 42. | HCFC-225 | Dichloropentafluoropropane ($C_3HF_5CI_2$) | 2903.77.50 | VI | 0.07 |
| 43. | HCFC-225ca | 1,3-dichloro-1,2,2,3,3-pentafluoropropane ($CF_3CF_2CHCl_2$) | 2903.77.50 | VI | 0.025 |
| 44. | HCFC-225cb | 1-3-dichloro-1,2,2,3,3-pentafluoropropane ($CF_2ClCF_2CHClF$) | 2903.77.50 | VI | 0.033 |
| 45. | HCFC-226 | Chlorohexafluoropropane ($C_3HF_6Cl$) | 2903.77.50 | VI | 0.10 |
| 46. | HCFC-231 | Pentachlorofluoropropane ($C_3H_2FCl_5$) | 2903.77.50 | VI | 0.09 |
| 47. | HCFC-232 | Tetrachlorodifluoropropane ($C_3H_2F_2Cl_4$) | 2903.77.50 | VI | 0.10 |
| 48. | HCFC-233 | Trichlorotrifluoropropane ($C_3H_2F_3Cl_3$) | 2903.77.50 | VI | 0.23 |
| 49. | HCFC-234 | Dichlorotetrafluoropropane ($C_3H_2F_4Cl_2$) | 2903.77.50 | VI | 0.28 |
| 50. | HCFC-235 | Chloropentafluoropropane ($C_3H_2F_5Cl$) | 2903.77.50 | VI | 0.52 |
| 51. | HCFC-241 | Tetrachlorofluoropropane ($C_3H_3FCl_4$) | 2903.77.50 | VI | 0.09 |
| 52. | HCFC-242 | Trichlorodifluoropropane ($C_3H_3F_2Cl_3$) | 2903.77.50 | VI | 0.13 |
| 53. | HCFC-243 | Dichlorotrifluoropropane ($C_3H_3F_3Cl_2$) | 2903.77.50 | VI | 0.12 |
| 54. | HCFC-244 | Chlorotetrafluoropropane ($C_3H_3F_4Cl$) | 2903.77.50 | VI | 0.14 |
| 55. | HCFC-251 | Trichlorofluoropropane ($C_3H_4FCl_3$) | 2903.77.50 | VI | 0.01 |
| 56. | HCFC-252 | Dichlorodifluoropropane ($C_3H_4F_2Cl_2$) | 2903.77.50 | VI | 0.04 |
| 57. | HCFC-253 | Chlorotrifluoropropane ($C_3H_4F_3Cl$) | 2903.77.50 | VI | 0.03 |
| 58. | HCFC-261 | Dichlorofluoropropane ($C_3H_5FCl_2$) | 2903.77.50 | VI | 0.02 |
| 59. | HCFC-262 | Chlorodifluoropropane ($C_3H_5F_2Cl$) | 2903.77.50 | VI | 0.02 |

| ক্রমিক নং | ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের নাম | ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের রাসায়নিক গঠন | এইচ. এস কোড* | গ্রুপ | ওডিপিঃ ওজোনক্ষয় বিভব **(Ozone Depleting Potential)** |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| 60. | HCFC-271 | Chlorofluoropropane ($C_3H_6FCl$) | 2903.77.50 | VI | 0.03 |
| 61. | HBFC-21B2 | Dibromofluoromethane ($CHFBr_2$) | 2903.78.00 | VII | 1.00 |
| 62. | HBFC-22B1 | Bromodifluoromethane ($CHF_2Br$) | 2903.78.00 | VII | 0.74 |
| 63. | | Bromofluoromethane ($CH_2FBr$) | 2903.78.00 | VII | 0.73 |
| 64. | | Tetrabromofluoroethane ($C_2HFBr_4$) | 2903.78.00 | VII | 0.8 |
| 65. | | Tribromodifluoroethane ($C_2HF_2Br_3$) | 2903.78.00 | VII | 1.8 |
| 66. | HBFC-123B2 HBFC-123aB2 | Dibromotrifluoroethane ($C_2HF_3Br_2$) | 2903.78.00 | VII | 1.6 |
| 67. | HBFC-124B1 | Bromotetrafluoroethane ($C_2HF_4Br$) | 2903.78.00 | VII | 1.2 |
| 68. | | Tribromofluoroethane ($C_2H_2FBr_3$) | 2903.78.00 | VII | 1.1 |
| 69. | | Dibromodifluoroethane ($C_2H_2F_2Br_2$) | 2903.78.00 | VII | 1.5 |
| 70. | | Bromotrifluoroethane ($C_2H_2F_3Br$) | 2903.78.00 | VII | 1.6 |
| 71. | | Dibromofluoroethane ($C_2H_3FBr_2$) | 2903.78.00 | VII | 1.7 |
| 72. | HBFC-124B1 | Bromodifluoroethane ($C_2H_3F_2Br$) | 2903.78.00 | VII | 1.1 |
| 73. | HBFC-124B1 | Bromofluoroethane ($C_2H_4FBr$) | 2903.78.00 | VII | 0.1 |
| 74. | | Haxabromofluoropropane ($C_3HFBr_6$) | 2903.78.00 | VII | 1.5 |
| 75. | | Pentabromodifluoropropane ($C_3HF_2Br_5$) | 2903.78.00 | VII | 1.9 |
| 76. | | Tetrabromofluoropropane ($C_3HF_3Br_4$) | 2903.78.00 | VII | 1.8 |
| 77. | | Tribromotetrafluoropropane ($C_3HF_4Br_3$) | 2903.78.00 | VII | 2.2 |
| 78. | | Dibromopentafluoropropane ($C_3HF_5Br_2$) | 2903.78.00 | VII | 2.0 |
| 79. | | Bromohaxafluoropropane ($C_3HF_6Br$) | 2903.78.00 | VII | 3.3 |
| 80. | | Pentabromofluoropropane ($C_3H_2FBr_5$) | 2903.78.00 | VII | 1.9 |
| 81. | | Tetrabromodifluoropropane | 2903.78.00 | VII | 2.1 |

| ক্রমিক নং | ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের নাম | ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের রাসায়নিক গঠন | এইচ. এস কোড* | গ্রুপ | ওডিপিঃ ওজোনক্ষয় বিভব **(Ozone Depleting Potential)** |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| | | ($C_3H_2F_2Br_4$) | | | |
| 82. | | Tribromotrifluoropropane ($C_3H_2F_3Br_3$) | 2903.78.00 | VII | 5.6 |
| 83. | | Dibromotetrafluoropropane ($C_3H_2F_4Br_2$) | 2903.78.00 | VII | 7.5 |
| 84. | | Bromopentafluoropropane ($C_3H_2F_5Br$) | 2903.78.00 | VII | 1.4 |
| 85. | | Tetrabromofluoropropane ($C_3H_3FBr_4$) | 2903.78.00 | VII | 1.9 |
| 86. | | Tribromodifluoropropane ($C_3H_3F_2Br_3$) | 2903.78.00 | VII | 3.1 |
| 87. | | Dibromotrifluoropropane ($C_3H_3F_3Br_2$) | 2903.78.00 | VII | 2.5 |
| 88. | | Bromotetrafluoropropane ($C_3H_3F_4Br$) | 2903.78.00 | VII | 4.4 |
| 89. | | Tribromofluoropropane ($C_3H_4FBr_3$) | 2903.78.00 | VII | 0.3 |
| 90. | | Dibromodifluoropropane ($C_3H_4F_2Br_2$) | 2903.78.00 | VII | 1.0 |
| 91. | | Bromotrifluoropropane ($C_3H_4F_3Br$) | 2903.78.00 | VII | 0.8 |
| 92. | | Dibromofluoropropane ($C_3H_5FBr_2$) | 2903.78.00 | VII | 0.4 |
| 93. | | Bromodifluoropropane ($C_3H_5F_2Br$) | 2903.78.00 | VII | 0.8 |
| 94. | | Bromofluoropropane ($C_3H_6FBr$) | 2903.78.00 | VII | 0.7 |
| 95. | | Bromochloromethane ($CH_2BrCl$) | 2903.78.00 | VII | 0.12 |
| 96. | Methyl bromide | ($CH_3Br$) | 2903.79.90 | VIII | 0.6 |

* Customs Act, 1969 এর Schedule -1 এ উল্লিখিত সংশ্লিষ্ট এইচ.এস. কোড এর, সময় সময়, পরিবর্তন প্রযোজ্য হইবে।]

## [10][তফসিল - ২

## [ বিধি ২(ছ), ৪, ৫(৩), ৫(৫), ৮(১) ও ৮(২) দ্রষ্টব্য]

তফসিল-১ এর কলাম (৪) এ নির্দেশিত গ্রুপ-I, III, IV, V, VI, VII-এর অন্তর্ভুক্ত
ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের উৎপাদন, আমদানী, রপ্তানি ও ব্যবহার নিয়ন্ত্রণ

| ক্রমিক নং | ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের গ্রুপ | ভিত্তিস্তর সংক্রান্ত বৎসর | গ্রুপ বিশেষে নির্ণয়কৃত ভিত্তিস্তরের ভিত্তিতে ১২ (বার) মাসকাল আমদানির সর্বোচ্চ গ্রহণযোগ্য পরিমাণ (ওডিপি টন)* | গ্রুপ বিশেষে নির্ণয়কৃত ভিত্তিস্তরের ভিত্তিতে ব্যবহারের সর্বোচ্চ পরিমাণ (ওডিপি টন) | কলাম (৪) ও (৫) সংক্রান্ত তারিখ | ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য উৎপাদন সুবিধা সৃষ্টির উপর নিষেধাজ্ঞা | ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য সংবলিত বা ব্যবহারে পণ্য উৎপাদনের লক্ষ্যে নতুন সুবিধা সৃষ্টির উপর নিষেধাজ্ঞা |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১. | I | ১৯৯৫-১৯৯৭ | ৩০০ | ৩০০ | ৩১.১২.২০০৪ | বিধিমালা বলবৎ হইবার তারিখ | বিধিমালা বলবৎ হইবার তারিখ |
| | III | ১৯৯৮-২০০০ | - | | | | |
| ২. | I | ১৯৯৫-১৯৯৭ | ২৯০ | ২৯০ | ৩১.১২.২০০৫ | বিধিমালা বলবৎ হইবার তারিখ | বিধিমালা বলবৎ হইবার তারিখ |
| | III | ১৯৯৮-২০০০ | - | | | | |
| ৩. | I | ১৯৯৫-১৯৯৭ | ২৫০ | ২৫০ | ৩১.১২.২০০৬ | বিধিমালা বলবৎ হইবার তারিখ | বিধিমালা বলবৎ হইবার তারিখ |
| | III | ১৯৯৮-২০০০ | - | | | | |
| ৪. | I | ১৯৯৫-১৯৯৭ | ৮৫ | ৮৫ | ৩১.১২.২০০৭ | বিধিমালা বলবৎ হইবার তারিখ | বিধিমালা বলবৎ হইবার তারিখ |
| | III | ১৯৯৮-২০০০ | - | | | | |
| ৫. | I | ১৯৯৫-১৯৯৭ | ৭৫ | ৭৫ | ৩১.১২.২০০৮ | বিধিমালা বলবৎ হইবার তারিখ | বিধিমালা বলবৎ হইবার তারিখ |
| | III | ১৯৯৮-২০০০ | - | | | | |
| ৬. | I | ১৯৯৫-১৯৯৭ | ৫০ | ৫০ | ৩১.১২.২০০৯ | বিধিমালা বলবৎ হইবার তারিখ | বিধিমালা বলবৎ হইবার তারিখ |
| | III | ১৯৯৮-২০০০ | - | | | | |
| ৭. | I | ১৯৯৫-১৯৯৭ | ** | ** | ০১.০১.২০১০ | বিধিমালা বলবৎ হইবার তারিখ | বিধিমালা বলবৎ হইবার তারিখ |
| | III | ১৯৯৮-২০০০ | - | | | | |
| ৮. | IV | ১৯৯৮-২০০০ | ৫.৫ | ৫.৫ | ১-১-২০০৫ | বিধিমালা বলবৎ হইবার তারিখ | বিধিমালা বলবৎ হইবার তারিখ |
| ৯. | IV | ১৯৯৮-২০০০ | ০ | ০ | ১-১-২০১০ | -- | -- |
| ১০. | V | ১৯৯৮-২০০০ | ১.০ | ১.০ | ১-১-২০০৩ | বিধিমালা বলবৎ হইবার তারিখ | বিধিমালা বলবৎ হইবার তারিখ |
| ১১. | V | ১৯৯৮-২০০০ | ০.৭ | ০.৭ | ১-১-২০০৫ | -- | -- |
| ১২. | V | ১৯৯৮-২০০০ | ০.৪ | ০.৪ | ১-১-২০১০ | -- | -- |
| ১৩. | V | ১৯৯৮-২০০০ | ০ | ০ | ১-১-২০১৫ | -- | -- |
| ১৪. | VI | ২০০৯-২০১০ | ৭২.৬৫ | ৭২.৬৫ | ১-১-২০১৩ | বিধিমালা বলবৎ হইবার তারিখ | বিধিমালা বলবৎ হইবার তারিখ |
| ১৫. | VI | ২০০৯-২০১০ | ৭২.৬৫ | ৭২.৬৫ | ১-১-২০১৪ | বিধিমালা বলবৎ হইবার তারিখ | বিধিমালা বলবৎ হইবার তারিখ |
| ১৬. | VI | ২০০৯-২০১০ | ৬৫.৩০ | ৬৫.৩০ | ১-১-২০১৫ | বিধিমালা বলবৎ হইবার তারিখ | বিধিমালা বলবৎ হইবার তারিখ |
| ১৭. | VI | ২০০৯-২০১০ | ৬৫.৩০ | ৬৫.৩০ | ১-১-২০১৬ | বিধিমালা বলবৎ হইবার তারিখ | বিধিমালা বলবৎ হইবার তারিখ |

[10] তফসিল-২ এস. আর. ও. নং ২২৬-আইন/২০১৪ এর দ্বারা প্রতিস্থাপিত।

| ক্রমিক নং | ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের গ্রুপ | ভিত্তিস্তর সংক্রান্ত বৎসর | গ্রুপ বিশেষে নির্ণয়কৃত ভিত্তিস্তরের ভিত্তিতে ১২ (বার) মাসকাল আমদানির সর্বোচ্চ গ্রহণযোগ্য পরিমাণ (ওডিপি টন)* | গ্রুপ বিশেষে নির্ণয়কৃত ভিত্তিস্তরের ভিত্তিতে ব্যবহারের সর্বোচ্চ পরিমাণ (ওডিপি টন) | কলাম (৪) ও (৫) সংক্রান্ত তারিখ | ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য উৎপাদন সুবিধা সৃষ্টির উপর নিষেধাজ্ঞা | ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য সংবলিত বা ব্যবহারে পণ্য উৎপাদনের লক্ষ্যে নতুন সুবিধা সৃষ্টির উপর নিষেধাজ্ঞা |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১৮. | VI | ২০০৯-২০১০ | ৬৫.৩০ | ৬৫.৩০ | ১-১-২০১৭ | বিধিমালা বলবৎ হইবার তারিখ | বিধিমালা বলবৎ হইবার তারিখ |
| ১৯. | VI | ২০০৯-২০১০ | ৪৮.১২ | ৪৮.১২ | ১-১-২০১৮ | বিধিমালা বলবৎ হইবার তারিখ | বিধিমালা বলবৎ হইবার তারিখ |
| ২০. | VI | ২০০৯-২০১০ | ৪৮.১২ | ৪৮.১২ | ১-১-২০১৯ | বিধিমালা বলবৎ হইবার তারিখ | বিধিমালা বলবৎ হইবার তারিখ |
| ২১. | VI | ২০০৯-২০১০ | ৪৭.২০ | ৪৭.২০ | ১-১-২০২০ | বিধিমালা বলবৎ হইবার তারিখ | বিধিমালা বলবৎ হইবার তারিখ |
| ২২. | VI | ২০০৯-২০১০ | ৪৭.২০ | ৪৭.২০ | ১-১-২০২১ | বিধিমালা বলবৎ হইবার তারিখ | বিধিমালা বলবৎ হইবার তারিখ |
| ২৩. | VI | ২০০৯-২০১০ | ৪৭.২০ | ৪৭.২০ | ১-১-২০২২ | বিধিমালা বলবৎ হইবার তারিখ | বিধিমালা বলবৎ হইবার তারিখ |
| ২৪. | VI | ২০০৯-২০১০ | ৪৭.২০ | ৪৭.২০ | ১-১-২০২৩ | বিধিমালা বলবৎ হইবার তারিখ | বিধিমালা বলবৎ হইবার তারিখ |
| ২৫. | VI | ২০০৯-২০১০ | ৪৭.২০ | ৪৭.২০ | ১-১-২০২৪ | বিধিমালা বলবৎ হইবার তারিখ | বিধিমালা বলবৎ হইবার তারিখ |
| ২৬. | VI | ২০০৯-২০১০ | ২৩.৬০ | ২৩.৬০ | ১-১-২০২৫ | বিধিমালা বলবৎ হইবার তারিখ | বিধিমালা বলবৎ হইবার তারিখ |
| ২৭. | VI | ২০০৯-২০১০ | ২৩.৬০ | ২৩.৬০ | ১-১-২০২৬ | বিধিমালা বলবৎ হইবার তারিখ | বিধিমালা বলবৎ হইবার তারিখ |
| ২৮. | VI | ২০০৯-২০১০ | ২৩.৬০ | ২৩.৬০ | ১-১-২০২৭ | বিধিমালা বলবৎ হইবার তারিখ | বিধিমালা বলবৎ হইবার তারিখ |
| ২৯. | VI | ২০০৯-২০১০ | ২৩.৬০ | ২৩.৬০ | ১-১-২০২৮ | বিধিমালা বলবৎ হইবার তারিখ | বিধিমালা বলবৎ হইবার তারিখ |
| ৩০. | VI | ২০০৯-২০১০ | ২৩.৬০ | ২৩.৬০ | ১-১-২০২৯ | বিধিমালা বলবৎ হইবার তারিখ | বিধিমালা বলবৎ হইবার তারিখ |
| ৩১. | VI | ২০০৯-২০১০ | ২৩.৬০ | ২৩.৬০ | ১-১-২০৩০ | বিধিমালা বলবৎ হইবার তারিখ | বিধিমালা বলবৎ হইবার তারিখ |
| ৩২. | VI | ২০০৯-২০১০ | *** | *** | ১-১-২০৩১ | বিধিমালা বলবৎ হইবার তারিখ | বিধিমালা বলবৎ হইবার তারিখ |
| ৩৩. | VII | --- | ০ | ০ | | -- | -- |

* ১৯৯৫-৯৭ সময়কালের গ্রুপ-I এর নির্ণয়কৃত ভিত্তিস্তর ৫৮০.৪ ওডিপি টন এবং ২০০৯-২০১০ সময়কালের গ্রুপ-VI এর ক্ষেত্রে নিণয়কৃত ভিত্তিস্তর ৭২.৬৫ ওডিপি টন।

** সদস্য দেশসমূহের সম্ভাব্য অনুমতিতে বাংলাদেশে অপরিহার্য ব্যবহারের চাহিদাপূরণে কোন ক্লোরোফ্লুরোকার্বন আমদানী বা ব্যবহার ব্যতীত।

*** সদস্য দেশসমূহের সম্ভাব্য অনুমতিতে বাংলাদেশে অপরিহার্য ব্যবহারের চাহিদাপূরণে কোন হাইড্রো-ক্লোরোফ্লুরোকার্বন আমদানী বা ব্যবহার ব্যতীত। শুধুমাত্র ১-১২-২০৩০ সাল পর্যন্ত ব্যবহৃত রিফ্রিজারেশন ও

এয়ারকন্ডিশনিং দ্রব্যাদির সার্ভিসিং করার নিমিত্তে **১-১-২০৩১** হতে **৩১-১২-২০৪০** পর্যন্ত প্রতি পঞ্জিকা বছরে **১.৮২** ওডিপি টন গ্রুপ- VI- দ্রব্যাদি আমদানি ও ব্যবহার ব্যতীত ।

বিঃ দ্রঃ **১৯৯৫-৯৭** সময়কালে গ্রুপ-II ও **১৯৯৫-৯৮** সময়কালে গ্রুপ-VIII -এর অন্তর্ভুক্ত ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য বাংলাদেশে আমদানী ও ব্যবহার করা হয় নাই। প্রটোকলের শর্তানুযায়ী ২০০৩ সালের ১ জানুয়ারী হইতে এই সকল দ্রব্য আমদানী ও ব্যবহার করা যাইবে না।’’]

## [11][তফসিল - ৩

### [বিধি ৭, ৮(২) ও ৯(৩) দ্রষ্টব্য]
**ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের প্রান্ত ব্যবহার নিয়ন্ত্রণ**

| ক্রমিক নং | কর্মকান্ড | ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের গ্রুপ | পর্যায়ক্রম হ্রাসের তারিখ* |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | এরোসল বা প্রেশারাইজড ডিসপেন্সার উৎপাদন (ঔষধ হিসাবে ব্যবহার্য মিটারড্ ডোজ ইনহেলার ব্যতীত) | গ্রুপ I | ১-১-২০০৪ |
| ২। | পলিওল হইতে ফোমপণ্য উৎপাদন | গ্রুপ I | ১-১-২০০৪ |
| ৩। | গৃহস্থালী রেফ্রিজারেটরে ফোম অংশসহ ফোম পণ্য উৎপাদন | গ্রুপ I | ১-১-২০০৪ |
| ৪। | অগ্নিনির্বাপক যন্ত্র বা অগ্নিনির্বাপন ব্যবস্থা উৎপাদন | গ্রুপ II | ১-১-২০০১ |
| ৫। | মোবাইল এয়ারকন্ডিশনার উৎপাদন এবং অটোমোবাইল শিল্পে চার্জিং | গ্রুপ I | ১-১-২০০৪ |
| ৬। | রেফ্রিজারেশন ও এয়ারকন্ডিশনিং সংক্রান্ত অন্যান্য পণ্য উৎপাদন (কমপ্রেসর ব্যতীত) | গ্রুপ I | ১-১-২০১০ |
| ৭। | বিবিধ পণ্য উৎপাদন | গ্রুপ I, III, IV ও V | ১-১-২০১০ |
| ৮। | অগ্নিনির্বাপক ও অগ্নিনির্বাপন ব্যবস্থার সার্ভিসিং | গ্রুপ II | ১-১-২০১০ |
| ৯। | ঔষধ হিসাবে ব্যবহার্য মিটারেড্ ডোজ ইনহেলার উৎপাদন | গ্রুপ III | ১-১-২০১০ |
| ১০। | বিবিধ পণ্য উৎপাদন | গ্রুপ VI | ১-১-২০৩০ |
| ১১। | প্রিশিপমেন্ট ও কোরেন্টাইন ব্যতীত অন্যান্য ক্ষেত্রে মিথাইল ব্রোমাইড ব্যবহার | গ্রুপ VIII | ১-১-২০০৩ |
| ১২। | ঔষধ হিসাবে ব্যবহার্য মিটারেড্ ডোজ ইনহেলার উৎপাদন | গ্রুপ I | ১-১-২০১৩ |
| ১৩। | পলিওল হইতে ফোমপণ্য উৎপাদন | গ্রুপ VI | ১-১-২০১৩ |
| ১৪। | গৃহস্থালী রেফ্রিজারেটরে ফোম অংশসহ ফোম পণ্য উৎপাদন | গ্রুপ VI | ১-১-২০১৩ |
| ১৫। | অপরিহার্য ব্যবহার্য পন্য উৎপাদনের | গ্রুপ VI | ১-১-২০৩১ |
| ১৬। | অগ্নিনির্বাপক ও অগ্নিনির্বাপন ব্যবস্থার সার্ভিসিং | গ্রুপ VI | ১-১-২০৩১ |
| ১৭। | মোবাইল এয়ারকন্ডিশনার উৎপাদন এবং অটোমোবাইল শিল্পে চার্জিং | গ্রুপ VI | ১-১-২০৩১ |
| ১৮। | রেফ্রিজারেশন ও এয়ারকন্ডিশনিং সংক্রান্ত অন্যান্য পণ্য উৎপাদন (কমপ্রেসর ব্যতীত) | গ্রুপ VI | ১-১-২০৩১ |
| ১৯। | রেফ্রিজারেশন ও এয়ারকন্ডিশনিং সংক্রান্ত্র সার্ভিসিং | গ্রুপ VI | ১-১-২০৪১ |

* রূপান্তর প্রকল্প সম্পূর্ণ হইবার তারিখ অথবা তফসিল-৩-এর কলাম (৪)-এ প্রদত্ত তারিখ (যে তারিখ পূর্বে আসিবে) ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য বর্জিত প্রযুক্তিতে উৎক্রান্ত হওয়া বা ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য বর্জিত প্রযুক্তি সংবলিত নূতন সুবিধা সম্প্রসারণের লক্ষ্যে আর্থিক সহায়তা প্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের ক্ষেত্রে পর্যায়ক্রম হ্রাসের তারিখ বুঝাইবে।”]

[১১] তফসিল-৩ এস. আর. ও. নং ২২৬-আইন/২০১৪ এর দ্বারা প্রতিস্থাপিত।

[12][তফসিল - ৪

[বিধি ৫(১) ও ৫(২) দ্রষ্টব্য]

মন্ট্রিল প্রটোকলের সদস্য দেশসমূহের তালিকা
(জুন ২০১২ পর্যন্ত)

| ক্রমিক নং | দেশের নাম |
|---|---|
| (১) | (২) |
| ১. | আফগানিস্তান |
| ২. | আলবেনিয়া |
| ৩. | আলজেরিয়া |
| ৪. | এনডোরা |
| ৫. | এঙ্গোলা |
| ৬. | এন্টিগোয়া এবং বারবোডা |
| ৭. | আর্জেন্টিনা |
| ৮. | আরমেনিয়া |
| ৯. | অস্ট্রেলিয়া |
| ১০. | অস্ট্রিয়া |
| ১১. | আজারবাইজান |
| ১২. | বাহামাস |
| ১৩. | বাহরাইন |
| ১৪. | বাংলাদেশ |
| ১৫. | বারবাডোস |
| ১৬. | বেলারুস |
| ১৭. | বেলজিয়াম |
| ১৮. | বেলিজ |
| ১৯. | বেনিন |
| ২০. | ভূটান |
| ২১. | বলিভিয়া |
| ২২. | বসনিয়া ও হারজেগোভিনা |
| ২৩. | বতসোয়ানা |
| ২৪. | ব্রাজিল |
| ২৫. | ব্রুনেই দারুস্সালাম |
| ২৬. | বুলগেরিয়া |
| ২৭. | বুর্কিনাফাসো |
| ২৮. | বুরুন্ডি |
| ২৯. | কম্বোডিয়া |
| ৩০. | ক্যামেরুন |
| ৩১. | কানাডা |
| ৩২. | কেপ ভার্দ |
| ৩৩. | মধ্য আফ্রিকান প্রজাতন্ত্র |
| ৩৪. | চাদ |

[১২] তফসিল-৪ এস. আর. ও. নং ২২৬-আইন/২০১৪ এর দ্বারা প্রতিস্থাপিত।

| ক্রমিক নং | দেশের নাম |
|---|---|
| (১) | (২) |
| ৩৫. | চিলি |
| ৩৬. | চীন |
| ৩৭. | কলম্বিয়া |
| ৩৮. | কমোরোস |
| ৩৯. | কঙ্গো, ডেমোক্রেটিক প্রজাতন্ত্র |
| ৪০. | কঙ্গো |
| ৪১. | কোস্টারিকা |
| ৪২. | কোট আইভোরি |
| ৪৩. | ক্রোয়েশিয়া |
| ৪৪. | কিউবা |
| ৪৫. | সাইপ্রাস |
| ৪৬. | চেক প্রজাতন্ত্র |
| ৪৭. | ডেনমার্ক |
| ৪৮. | জিবুতী |
| ৪৯. | ডোমিনিকা |
| ৫০. | ডোমিনিকান প্রজাতন্ত্র |
| ৫১. | ইকুয়েডর |
| ৫২. | মিশর |
| ৫৩. | এল সালভাদর |
| ৫৪. | ইকুয়েটোরিয়াল গিনি |
| ৫৫. | এরিট্রিয়া |
| ৫৬. | ইস্তোনিয়া |
| ৫৭. | ইথিওপিয়া |
| ৫৮. | ফিজি |
| ৫৯. | ফিনল্যান্ড |
| ৬০. | ফ্রান্স |
| ৬১. | গ্যাবন |
| ৬২. | জাম্বিয়া |
| ৬৩. | জর্জিয়া |
| ৬৪. | জার্মানী |
| ৬৫. | ঘানা |
| ৬৬. | গ্রিস |
| ৬৭. | গ্রানাডা |
| ৬৮. | গুয়েতেমালা |
| ৬৯. | গিনি |
| ৭০. | গিনি-বিসৌ |
| ৭১. | গায়েনা |
| ৭২. | হাইতি |
| ৭৩. | হুন্ডোরাস |
| ৭৪. | হাঙ্গেরী |
| ৭৫. | আইল্যান্ড |
| ৭৬. | ভারত |
| ৭৭. | ইন্দোনেশিয়া |
| ৭৮. | ইরান, ইসলামিক প্রজাতন্ত্র |
| ৭৯. | ইরাক |
| ৮০. | আয়ারল্যান্ড |
| ৮১. | ইসরাইল |

| ক্রমিক নং | দেশের নাম |
|---|---|
| (১) | (২) |
| ৮২. | ইটালী |
| ৮৩. | জামাইকা |
| ৮৪. | জাপান |
| ৮৫. | জর্ডান |
| ৮৬. | কাজাকিস্তান |
| ৮৭. | কেনিয়া |
| ৮৮. | কিরিবাটি |
| ৮৯. | কোরিয়া, পিপলস ডেমোক্রেটিক রিপাবলিক অব |
| ৯০. | কোরিয়া, রিপাবলিক অব |
| ৯১. | কুয়েত |
| ৯২. | কিরঘিস্তান |
| ৯৩. | লাও, পিপলস ডেমোক্রেটিক রিপাবলিক অব |
| ৯৪. | লাটভিয়া |
| ৯৫. | লেবানন |
| ৯৬. | লেসোথো |
| ৯৭. | লাইবেরিয়া |
| ৯৮. | লিবিয়া |
| ৯৯. | লিচটেনস্টেইন |
| ১০০. | লিথুনিয়া |
| ১০১. | লুক্সেমবার্গ |
| ১০২. | দ্য ফরমার যুগোশ্লাব রিপাবলিক অব মেসোডোনিয়া |
| ১০৩. | মাদাগাস্কার |
| ১০৪. | মালাওয়ি |
| ১০৫. | মালয়েশিয়া |
| ১০৬. | মালদ্বীপ |
| ১০৭. | মালি |
| ১০৮. | মাল্টা |
| ১০৯. | মার্শাল আইলেন্ড |
| ১১০. | মৌরিতানিয়া |
| ১১১. | মৌরিশাস |
| ১১২. | মেক্সিকো |
| ১১৩. | মাইক্রোনেশিয়া, ফেডারেল স্টেট অব |
| ১১৪. | মলডোভা |
| ১১৫. | মোনাকো |
| ১১৬. | মঙ্গোলিয়া |
| ১১৭. | মন্টেনিগ্রো |
| ১১৮. | মরক্কো |
| ১১৯. | মোজাম্বিক |
| ১২০. | মায়ানমার |
| ১২১. | নামিবিয়া |
| ১২২. | নাউরু |
| ১২৩. | নেপাল |
| ১২৪. | নেদারল্যান্ডস |
| ১২৫. | নিউজিল্যান্ড |
| ১২৬. | নিকারাগুয়া |
| ১২৭. | নাইজার |

| ক্রমিক নং | দেশের নাম |
|---|---|
| (১) | (২) |
| ১২৮. | নাইজেরিয়া |
| ১২৯. | নরওয়ে |
| ১৩০. | ওমান |
| ১৩১. | পাকিস্তান |
| ১৩২. | পালাউ |
| ১৩৩. | পানামা |
| ১৩৪. | পাপুয়া নিউগিনি |
| ১৩৫. | প্যারাগুয়ে |
| ১৩৬. | পেরু |
| ১৩৭. | ফিলিপাইনস |
| ১৩৮. | পোল্যান্ড |
| ১৩৯. | পর্তুগাল |
| ১৪০. | কাতার |
| ১৪১. | রোমানিয়া |
| ১৪২. | রাশিয়ান ফেডারেশন |
| ১৪৩. | রাউন্ডা |
| ১৪৪. | সেন্ট কেটস্ এন্ড নেভিস |
| ১৪৫. | সেন্ট লুসিয়া |
| ১৪৬. | সেন্ট ভিনসেন্ট এন্ড দ্য গ্রেনাডাইনস |
| ১৪৭. | সোমা |
| ১৪৮. | স্যান মেরিনো |
| ১৪৯. | সাও টোম এন্ড প্রিন্সিপ |
| ১৫০. | সাউদি আরব |
| ১৫১. | সেনেগাল |
| ১৫২. | সার্বিয়া |
| ১৫৩. | সায়চেলাস |
| ১৫৪. | সিয়েরা লিওন |
| ১৫৫. | সিঙ্গাপুর |
| ১৫৬. | স্লোভাকিয়া |
| ১৫৭. | স্লোভেনিয়া |
| ১৫৮. | সোলোমন আইল্যান্ডস |
| ১৫৯. | সোমালিয়া |
| ১৬০. | সাউথ আফ্রিকা |
| ১৬১. | স্পেন |
| ১৬২. | শ্রীলঙ্কা |
| ১৬৩. | সুদান |
| ১৬৪. | সুরিনাম |
| ১৬৫. | সুজিল্যান্ড |
| ১৬৬. | সুইডেন |
| ১৬৭. | সুইজারল্যান্ড |
| ১৬৮. | সিরিয়ান আরব প্রজাতন্ত্র |
| ১৬৯. | তাজাকিস্তান |
| ১৭০. | তানজানিয়া, ইউনাইটেড রিপাবলিক অব |
| ১৭১. | থাইল্যান্ড |
| ১৭২. | তিমুর লেস্ট |
| ১৭৩. | টোগো |

| ক্রমিক নং | দেশের নাম |
|---|---|
| (১) | (২) |
| ১৭৪. | টোংগা |
| ১৭৫. | ত্রিনিদাদ এন্ড টোবাগো |
| ১৭৬. | তিউনিসিয়া |
| ১৭৭. | তুর্কি |
| ১৭৮. | তুর্কমেনিস্তান |
| ১৭৯. | তোভালু |
| ১৮০. | উগান্ডা |
| ১৮১. | ইউক্রেন |
| ১৮২. | সংযুক্ত আরব আমিরাত |
| ১৮৩. | যুক্তরাজ্য এবং দক্ষিণ আয়ারল্যান্ড |
| ১৮৪. | যুক্তরাষ্ট্র |
| ১৮৫. | উরুগুয়ে |
| ১৮৬. | উজবেকস্তান |
| ১৮৭. | ভানুয়াতু |
| ১৮৮. | হোলি সী |
| ১৮৯. | ভেনিজুয়েলা |
| ১৯০. | ভিয়েতনাম |
| ১৯১. | ইয়েমেন |
| ১৯২. | জাম্বিয়া |
| ১৯৩. | জিম্বাবুয়ে |
| ১৯৪. | কুক আইল্যান্ডস |
| ১৯৫. | নিউ |
| ১৯৬. | ইউরোপিও ইউনিয়ন |
| ১৯৭. | দক্ষিণ সুদান ”; |

]

## [১৩][তফসিল - ৫

## [ বিধি ৯(১) ও (২) দ্রষ্টব্য]

**ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য সংবলিত পণ্যের আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ**

| ক্রমিক নং | পণ্যের নাম | ওজোস্তর ক্ষয়কারী দ্রব্যের শ্রেণী | আমদানির উপর নিয়ন্ত্রণ বলবৎ হইবার তারিখ | রপ্তানির উপর নিয়ন্ত্রণ বলবৎ হইবার তারিখ |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | যানবাহন ও ট্রাক এয়ারকন্ডিশনিং ইউনিট (সংযুক্ত থাকা বা না থাকা অবস্থায়) | গ্রুপ- I<br>গ্রুপ - VI | এই বিধিমালা বলবৎ হইবার তারিখের ছয় মাস পর | এই বিধিমালা বলবৎ হইবার তারিখের ছয় মাস পর |
| ২। | গৃহস্থালী ও বাণিজ্যিক রেফ্রিজারেশন ও এয়ারকন্ডিশনিং/হীট পাম্প যন্ত্র, যথা,-<br>- রেফ্রিজারেটর<br>- ফ্রিজার<br>- ডিহিউমিডিফায়ার<br>- ওয়ারটার কুলার<br>- আইন মেশিন<br>- এয়ারকন্ডিশনিং এবং হীট পাম্প ইউনিট<br>- কমপ্রেসর | গ্রুপ - I<br>গ্রুপ - VI | এই বিধিমালা বলবৎ হইবার তারিখের ছয় মাস পর | এই বিধিমালা বলবৎ হইবার তারিখের ছয় মাস পর |
| ৩। | এরোসল পণ্য | গ্রুপ - I | এই বিধিমালা বলবৎ হইবার তারিখের ছয় মাস পর | এই বিধিমালা বলবৎ হইবার তারিখের ছয় মাস পর |
| ৪। | বহনযোগ্য অগ্নিনির্বাপক/অগ্নিনির্বাপন ব্যবস্থা/সিলিন্ডার | গ্রুপ - II<br>গ্রুপ - VI | এই বিধিমালা বলবৎ হইবার তারিখের ছয় মাস পর | এই বিধিমালা বলবৎ হইবার তারিখের ছয় মাস পর |
| ৫। | ইন্স্যুলেশন বোর্ড, প্যানেল ও পাইপ কভার | গ্রুপ - I<br>গ্রুপ - VI | এই বিধিমালা বলবৎ হইবার তারিখের ছয় মাস পর | এই বিধিমালা বলবৎ হইবার তারিখের ছয় মাস পর |
| ৬। | প্রি-পলিমার | গ্রুপ - I<br>গ্রুপ - VI | এই বিধিমালা বলবৎ হইবার তারিখের ছয় মাস পর | এই বিধিমালা বলবৎ হইবার তারিখের ছয় মাস পর |

**নোট ঃ** ১। ক্রমিক নং ২ এর কলাম (২) এ উল্লিখিত পণ্যে পণ্যের ইনসুলেটিং বস্তু অন্তর্ভুক্ত।

২। ব্যক্তিগত বা গৃহস্থালী বস্তু বা তদ্রুপ অবাণিজ্যিক পরিস্থিতিতে কনসাইনমেন্টে পরিবহনকৃত হইয়া থাকিলে এবং সাধারণভাবে কাষ্টমস্ কর্তৃপক্ষের অব্যাহতি লাভ করিয়া থাকিলে উপরোল্লিখিত পণ্য এই তফসিলের আওতা বহির্ভুত হইবে। ]

[১৩] তফসিল-৫ এস. আর. ও. নং ২২৬-আইন/২০১৪ এর দ্বারা প্রতিস্থাপিত।

## তফসিল - ৬

### [বিধি ১২ দ্রষ্টব্য]
### অব্যাহতি

(১) তফসিল- ১-এর গ্রুপ-৮ উলেখিত ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য হিসাবে মিথাইল ব্রোমাইডের কোয়ারেন্টাইন ও প্রি-শিপমেন্ট পর্যায়ে ব্যবহার।

(২) নিম্নলিখিত শর্তসাপেক্ষে গবেষণাগার অথবা বিশেষণধর্মী কর্মকান্ডে ব্যবহৃত ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য ঃ

(ক) গবেষণাগারগত ব্যবহারে যন্ত্রপাতির ক্রমাঙ্কন অন্তর্ভুক্ত থাকিবে; রাসায়নিক বিশেষণের জন্য ব্যবহার্য এক্সট্রাকশন সলভেন্ট, ডাইল্যুয়েন্ট, বা, ক্যারিয়ার; প্রাণরসায়ন সংক্রান্ত গবেষণা; রাসায়নিক বিক্রিয়ায় ক্যারিয়ার, বা গবেষণাগার রাসায়নিক দ্রব্য এবং বিশেষণ ও গবেষণা সংক্রান্ত অন্যান্য সুক্ষ্ম প্রক্রিয়ায় ব্যবহার্য রাসায়নিক দ্রব্য হিসাবে নিষ্ক্রিয় দ্রাবক (inert solvents)।

(খ) ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যসমহ নিম্নোক্ত বিশুদ্ধতামান অনুযায়ী উৎপাদিত হইতে হইবে ঃ

| | |
|---|---|
| CTC (বিকারক মানভুক্ত) | ৯৯.৫ |
| 1, 1, 1- trichloroethane | ৯৯.০ |
| CFC-11 | ৯৯.৫ |
| CFC-13 | ৯৯.৫ |
| CFC-12 | ৯৯.৫ |
| CFC-113 | ৯৯.৫ |
| CFC-114 | ৯৯.৫ |
| অন্যান্য ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য যাহাদের স্ফুটনাঙ্ক ২০°C- এর উর্ধ্বে | ৯৯.৫ |
| অন্যান্য ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য যাহাদের স্ফুটনাঙ্ক ২০°C- এর নিম্নে | ৯৯.৫ |

(গ) গবেষণাগার ও বিশেষণগত ব্যবহারে প্রচলিত ব্যবস্থানুযায়ী উৎপাদনকারী, এজেন্ট বা বিতরণকারীগণ এইসকল বিশুদ্ধ ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য পরবর্তী পর্যায়ে অন্যান্য রাসায়নিক দ্রব্যের সহিত মিশ্রিত করিবেন।

(ঘ) কেবল পুনরায় আবদ্ধ করা যায় এইরূপ কন্টেইনার অথবা তিন লিটারের নিম্নক্ষমতাসম্পন্ন উচ্চচাপ সিলিন্ডার অথবা ১০ মিলিলিটার বা উহার নিম্নক্ষমতাসম্পন্ন এম্পুলে উচ্চ বিশুদ্ধতামানসম্পন্ন এইসকল ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য এবং ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য সংবলিত মিশ্রণ সরবরাহ করা যাইবে। সরবরাহের লক্ষ্যে এইসকল কন্টেইনার বা সিলিন্ডার বা এম্পুলে পরিষ্কারভাবে ‘ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের কেবল গবেষণাগার ও বিশেষণ উদ্দেশ্যে ব্যবহার্য ঃ ব্যবহৃত বা ব্যবহারের পর অব্যবহৃত অতিরিক্ত ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য সংগ্রহ, সংরক্ষণ ও সম্ভব হইলে, রিসাইক্লিং করিতে হইবে’ লিখিত থাকিবে। রিসাইক্লিং সম্ভব না হইলে ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য ধ্বংস করিতে হইবে।

(৩) তফসিল-১-এর গ্রুপ- I- এ নির্দেশিত ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের উৎপাদনের সহিত সংশিষ্ট হইলে উক্ত তফসিল-১-এর গ্রুপ-IV-এর ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের আমদানী, রপ্তানী ও উৎপাদন 'ব্যবহার'-এর সংজ্ঞার বহির্ভুত হইবে।

(৪) পুনরুদ্ধারকৃত বা রিসাইক্লকৃত কোন ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের আমদানী ও রপ্তানী 'ব্যবহার'- এর সংজ্ঞার বহির্ভত হইবে।

(৫) ন্যনপক্ষে এক বৎসর ব্যবহৃত হইয়াছে এইরূপ কোন পণ্যের অ-বাণিজ্যিক বিক্রয়ের ক্ষেত্রে বিধি-১০-এর উপবিধি (১) প্রযোজ্য হইবে না।

(৬) বাংলাদেশ সরকারের অনুমোদনক্রমে জনস্বার্থে প্রণীত যে কোন বিধি।

(৭) সংকটকালীন অপরিহার্য ব্যবহারে, যথা ঃ- প্রতিরক্ষা বিমান, যুদ্ধক্ষেত্রে ব্যবহার্য ট্যাংক ও অপরিহার্য ব্যবহার সংক্রান্ত প্যানেল কর্তৃক প্রত্যয়নকৃত বিমান শিল্পে তফসিল-১-এর গ্রুপ-II-এ অন্তর্ভক্ত দ্রব্যাদি।

# তফসিল - ৭

## [বিধি - ১১(১), (২) দ্রষ্টব্য]

## খন্ড - ১

১. নথি সংরক্ষণ

ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যসামগ্রী আমদানীর ও বিপণনের ক্ষেত্রে ঃ তফসিল - ৮ এ উলিখিত ফরম এ পূরণকৃত তারিখ সম্বলিত তথ্য সংরক্ষণ করিতে হইবে।

২. প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।

(ক) তফসিল -৮ অনুযায়ী ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যসামগ্রীর আমদানী ও বিপণন সংক্রান্ত প্রতিবেদন।
(খ) উপরোক্ত প্রতিবেদন লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের নিকট ১৫ জানুয়ারী এর মধ্যে দাখিল করিতে হইবে।

খন্ড - ২

১. নথি সংরক্ষণ

কম্প্রেসর উৎপাদন, আমদানী, রপ্তানী ও বিপণন সংক্রান্ত তথ্য ঃ তফসিল-৯-এ উলিখিত ফরম অনুযায়ী পরণকৃত তারিখ সম্বলিত তথ্য সংরক্ষণ করিতে হইবে।

২. প্রতিবেদন দাখিল প্রসঙ্গে

কম্প্রেসর উৎপাদন, আমদানী, রপ্তানী ও বিপণন সংক্রান্ত তথ্য তফসিল-৯ অনুযায়ী প্রস্তুত করিয়া মহাপরিচালকের নিকট ১৫ জানুয়ারীর মধ্যে দাখিল করিতে হইবে।

**তফসিল -৮**
[বিধি-**১১**(৩) দ্রষ্টব্য]

**<u>ফরম - ১</u>**

## ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যসামগ্রী আমদানী ও বিপণন সংক্রান্ত প্রতিবেদন

**বার্ষিক প্রতিবেদন**

প্রতিবেদন দাখিল করার শেষ তারিখ ঃ প্রতি বছর জানুয়ারী মাসের **১৫** তারিখের মধ্যে।

প্রতিষ্ঠানের নাম ঃ ............................................ প্রতিবেদন দাখিলের সময় ঃ ...........................
ঠিকানা ঃ ..........................................................................................................................
ফোন ঃ .................................................. ফ্যাক্স ঃ .......................................................

ওজোন ক্ষয়কারী দ্রব্য সামগ্রীর নাম *১ ................................... এইচএস কোড .................

**<u>আমদানী সংক্রান্ত প্রতিবেদন</u>**

(মেঃ টন হিসাবে)

| ক্রমিক নং | পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র নং | ইনভয়েস নং এবং তারিখ | বিল অব লোডিং নং এবং তারিখ | সব ধরণের ব্যবহারের জন্য আমদানীকৃত বিশুদ্ধ ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের পরিমান *২ | আমদানী বিশুদ্ধ ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যসামগ্রীর পরিমাণ | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ফিড স্টক হিসাবে | অব্যাহতি প্রাপ্ত ব্যবহারের ক্ষেত্রে |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| মোট | | | | | | |

| আইআরসি নং ও তারিখ | যে দেশ হইতে আমদানী করা হইয়াছে | যে বন্দর হতে খালাস করা হয়েছে |
|---|---|---|
| ১০ | ১১ | ১২ |
| | | |
| | | |
| মোট | | |

সীলসহ স্বাক্ষর *৩

## বিপণন সংক্রান্ত প্রতিবেদন

| ক্রমিক নং | ক্রয়কারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | ক্রয়ের উদ্দেশ্য*২ | পরিমাণ*৩ |
|---|---|---|---|
| | | | |
| মোট | | | |

সীলসহ স্বাক্ষর *৪

**প্রত্যয়নপত্র**

আমি ..................................................... পিতা ................................................ .........................................................এই মর্মে প্রত্যয়ন করিতেছি যে, উপরোক্ত প্রদত্ত তথ্য এবং আনুষঙ্গিক সংযুক্তি ও বক্তব্যসমহ আমার জানামতে সঠিক ও সম্পূর্ণ।

আমি আবারও ঘোষণা করিতেছি যে, ...................................................... হিসাবে আমি এই ঘোষণাপত্র প্রণয়ন ও প্রত্যয়ন করিতেছি এবং এই কাজে আমি বিধিসম্মতভাবে যোগ্যতাসম্পন্ন।

সীল ও স্বাক্ষর*৩

তারিখ ...........................

নোট ঃ

*১ ১টি ওজোন ক্ষয়কারী দ্রব্যের ক্ষেত্রে শুধু মাত্র ১টি ফরম ব্যবহার করিতে হইবে। ওজোন ক্ষয়কারী দ্রব্যের পর্ণাঙ্গ তালিকা তফসিল-১ এ দেয়া হলো।

*২ উদ্দেশ্যসমহ ঃ

(১) এরোসল উৎপাদন (ঔষধ হিসাবে ব্যবহার্য মিটারড্‌ডোজ ইনহেলার ব্যতীত)
(২) ফোম জাতীয় পণ্য উৎপাদন
(৩) অগ্নিনির্বাপক ও অগ্নিনির্বাপন ব্যবস্থার উৎপাদন
(৪) ভ্রাম্যমাণ এয়ারকন্ডিশনার উৎপাদন
(৫) অন্যান্য রেফ্রিজারেশন ও এয়ারকন্ডিশনিং পণ্য উৎপাদন
(৬) দ্রাবক হিসাবে ব্যবহার
(৭) অব্যাহতি হিসাবে ব্যবহার
(৮) বিক্রয়
(৯) অগ্নিনির্বাপকসমহের অগ্নিনির্বাপন ব্যবস্থার সার্ভিসিং (কেবল গ্রুপ II ভুক্ত ওজোন ক্ষয়কারী দ্রব্যের ক্ষেত্রে প্রযোজ্য)
(১০) ঔষধ হিসাবে ব্যবহার্য মিটারড ডোজ ইনহেলার উৎপাদন
(১১) কমপ্রেসার উৎপাদন
(১২) ডিহিউমিডিফায়ার উৎপাদন
(১৩) সার্ভিসিং
(১৪) অন্যান্য

*৩ বিপণনকালীন ঘাটতি সর্বোচ্চ ৩% পর্যন্ত গ্রহণযোগ্য।

*৪ প্রত্যয়ন অংশসহ উপরোক্ত কর্ম সংশ্লিষ্ট ব্যক্তি স্বয়ং, বা, তাহার দ্বারা ক্ষমতাপ্রাপ্ত একজন ব্যক্তি, বা, কোন কোম্পানীর বোর্ড অব ডাইরেক্টরস কর্তৃক ক্ষমতা প্রাপ্ত একজন ব্যক্তি, বা অন্যান্য যে কোন ক্ষেত্রে ব্যবসা পরিচালনা দায়িত্বপ্রাপ্ত একজন ব্যক্তিদ্বারা অবশ্যই স্বাক্ষরিত হইবে।

**তফসিল -৯**

[বিধি-১১(৩) দ্রষ্টব্য]

**<u>ফরম - ২</u>**

## ................ সালের জন্য ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য ব্যবহৃত হয় এমন ধরনের কমপ্রেসর উৎপাদন, আমদানী, রপ্তানী ও বিপণন সংক্রান্ত প্রতিবেদন ফরম

প্রতিবেদন দাখিল করার শেষ তারিখ ঃ বার্ষিক প্রতিবেদন প্রতি বছর জানুয়ারী মাসের ১৫ তারিখের মধ্যে ।
প্রতিবেদন দাখিলের সময় ঃ ....................................
প্রতিষ্ঠানের নাম ঃ ..............................................
ঠিকানা ঃ ..........................................................................................................
ফোন ঃ .............................................. ফ্যাক্স ঃ .....................................................
উৎপাদন সংক্রান্ত তথ্য ঃ

| ক্রমিক নং | কমপ্রেসর উৎপাদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | কমপ্রেসরের ক্ষমতা (H.P) | ব্যবহৃত ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের নাম | উৎপাদনের পরিমাণ |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | মোট পরিমাণ | |

আমদানী সংক্রান্ত তথ্য ঃ

| ক্রমিক নং | কমপ্রেসর উৎপাদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | কমপ্রেসরের ক্ষমতা (H.P) | ব্যবহৃত ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের নাম | আমদানীর পরিমাণ |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | মোট পরিমাণ | |

রপ্তানী সংক্রান্ত তথ্য ঃ

| ক্রমিক নং | কমপ্রেসর আমদানীকারক প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | কমপ্রেসরের ক্ষমতা (H.P) | ব্যবহৃত ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের নাম | রপ্তানীর পরিমাণ |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | মোট পরিমাণ | |

বিক্রয় সংক্রান্ত তথ্য ঃ

| ক্রমিক নং | কমপ্রেসর ক্রেতা /প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | কমপ্রেসরের ক্ষমতা (H.P) | ব্যবহৃত ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের নাম | বিক্রয়ের পরিমাণ |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | মোট পরিমাণ | |

সীলসহ স্বাক্ষর

**প্রত্যয়নপত্র**

আমি ...................................................... পিতা ...............................................
...........................................................এই মর্মে প্রত্যয়ন করিতেছি যে, উপরোক্ত প্রদত্ত তথ্য এবং আনুষঙ্গিক সংযুক্তি ও বক্তব্যসমহ আমার জানামতে সঠিক ও সম্পর্ণ।

আমি আবারও ঘোষণা করিতেছি যে, ........................................................ হিসাবে আমি এই ঘোষণাপত্র প্রণয়ন ও প্রত্যয়ন করিতেছি এবং এই কাজে আমি বিধিসম্মতভাবে যোগ্যতাসম্পন্ন।

সীল ও স্বাক্ষর*১

তারিখ ...........................

নোট ঃ

*১ প্রত্যয়ন অংশসহ উপরোক্ত কর্ম সংশ্লিষ্ট ব্যক্তি স্বয়ং, বা, তাহার দ্বারা ক্ষমতাপ্রাপ্ত একজন ব্যক্তি, বা, কোন কোম্পানীর বোর্ড অব ডাইরেক্টরস কর্তৃক ক্ষমতা প্রাপ্ত একজন ব্যক্তি, বা অন্যান্য যে কোন ক্ষেত্রে ব্যবসা পরিচালনা দায়িত্বপ্রাপ্ত একজন ব্যক্তিদ্বারা অবশ্যই স্বাক্ষরিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**সৈয়দ তানভীর হোসেন**
সচিব।